The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.17, Issue 821 | 07 June 2024 | শুক্রবার ২৪ জ্যৈষ্ঠ ১৪৩১



CM Krishnan holds JH town hall
>> Page 24

Housing voucher waitlist reopens
>> Page 23





USA beat PAK in Super Over
>> Page 25

List Of Indian Celebs Who Won Elections
>> Page 24



# প্রায় বিনাভাড়ায় দুই লাখ আবাসন!

আজকাল রিপোর্ট

## নিউইয়র্ক সিটির সহায়তা প্রকল্প ; আবেদনের শেষ দিন ৯ জুন

নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটি ১৫ বছর পর আবার বাড়ি ভাড়ার জন্য সেকশন ৮ আবেদন গ্রহণ করছে। সিটির নিম্ন আয়ের মানুষদের জন্য নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটির এটি একটি কল্যাণমূলক পদক্ষেপ। আবেদন সম্পূর্ণ বিনা খরচে করা যাবে। কোন ফি নেই। এ কর্মসূচির মাধ্যমে সিটি হাউজিং হাজার হাজার নিউইয়র্কবাসীকে অ্যাপার্টমেন্ট ভাড়া নিতে সহায়তা করবে। আবেদন করার সময় দেয়া হয়েছে মাত্র ছয় দিন। ৩ জুন সোমবার থেকে আবেদন গ্রহণ শুরু হয়েছে। আগামী রোববার ৯ জুন আবেদন গ্রহণ শেষ হবে। অনলাইনে আবেদন করতে উৎসাহিত করা হয়েছে। নিউইয়র্ক সিটি হাউজিং অথরিটি সূত্রে জানা গেছে, ২ লাখ আবেদন বিবেচনায় আনা হবে। নির্বাচিতদের পর্যায়ক্রমে বাসা ভাড়ার খরচ প্রদান শুরু হবে। এটিকে এক এরপর ২০ পৃষ্ঠায়



বিশ্বকাপে বড় অঘটন, ক্রিকেটে নবাগত আমেরিকার কাছে লজ্জার হার পাকিস্তানের, সুপার ওভারে নিষ্পত্তি



## সৌদিতে চাঁদ দেখা গেছে যুক্তরাষ্ট্রে ঈদ ১৬ জুন

আজকাল রিপোর্ট

সৌদি আরবে জিলহজ মাসের চাঁদ দেখা গেছে। ফলে আগামী রোববার (১৬ জুন) দেশটিতে পবিত্র এরপর ২০ পৃষ্ঠায়

বাংলাদেশ দূতাবাসের কোটি কোটি টাকা চুরি

# তদন্ত ফাইল গায়েব

বিশেষ প্রতিনিধি

## প্রমাণ পেয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়



ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস থেকে কয়েক মিলিয়ন ডলার হাতিয়ে নিয়েছে একটি প্রভাবশালী চক্র। আত্মসাৎ করেছে দূতাবাসের এক লাখ ৭৬ হাজার ডলারের ইমার্জেন্সি ফান্ড। এছাড়া দূতাবাসের অ্যাকাউন্ট থেকে কৌশলে সরানো হয়েছে আরও প্রায় সোয়া তিন লাখ ডলার। সেই চুরির প্রাথমিক তথ্য-প্রমাণ পেয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। শুধু সিডর ইমার্জেন্সি ফান্ড বা দূতাবাসের অ্যাকাউন্ট থেকে অর্থ লোপাট নয়, রাষ্ট্রদূতের বাসভবন (বাংলাদেশ হাউস) মেরামতেও ব্যাপক দুর্নীতির মাধ্যমে বড় অঙ্কের অর্থ হাতিয়ে নিয়েছে চক্রটি।

রাষ্ট্রদূতের রিপোর্ট, পররাষ্ট্র দপ্তরে জমা পড়া অভিযোগ, সরেজমিন ওয়াশিংটনে অনুসন্ধান, হাতে আসা নথি এবং সরকারের দায়িত্বশীল ব্যক্তিদের সঙ্গে আলাপে অভিযোগগুলোর সত্যতা মিলেছে। সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, ঘটনা সংঘটিত হওয়ার সময়ে দূতাবাসের দায়িত্বপ্রাপ্তরা এই এরপর ২০ পৃষ্ঠায়

## পাকিস্তানকে হারালো যুক্তরাষ্ট্র

আজকাল স্পোর্টস

বাংলাদেশের বিরুদ্ধে সিরিজ জয়ের পর টি-টোয়েন্টি বিশ্বকাপে পাকিস্তানকে হারিয়ে দিল আমেরিকা। টান টান উত্তেজনার ম্যাচে সুপার ওভারে জয় ছিনিয়ে নিল টি-টোয়েন্টি বিশ্বকাপের অন্যতম আয়োজকেরা। টি-টোয়েন্টি বিশ্বকাপে আমেরিকার বিরুদ্ধে বিপর্যয় পাকিস্তানের। প্রথমে ব্যাট করার সুযোগ পেয়েও বাবর আজমের দল এরপর ৩৪ পৃষ্ঠায়



## সম্পদের পাহাড় গড়ার অকল্পনীয় নজির দেশান্তরী বেনজীর

ঢাকা অফিস

পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের বিরুদ্ধে অবৈধ সম্পদের অকল্পনীয় নজির স্থাপনের অভিযোগ উঠেছে। এ এরপর ২০ পৃষ্ঠায়

দিল্লিতে শপথ অনুষ্ঠানে যাচ্ছেন হাসিনা

# মোদির জয় মোদির হার

বিজেপির রামমন্দির ইস্যু প্রত্যাখ্যান করেছে ভারত

মাসুদ করিম, *ঢাকা থেকে*



ভারতের লোকসভা নির্বাচনে নরেন্দ্র মোদির দল বিজেপি বেশি আসনে জয়ী হলেও কাঙ্খিত জয় পায়নি। এবারের নির্বাচনে একক সংখ্যাগরিষ্ঠতাও হারিয়েছে তারা। যদিও বিজেপি নেতৃত্বাধীন জাতীয় গণতান্ত্রিক জোট-এনডিএ (ন্যাশনাল ডেমোক্রেটিক এলায়েন্স) সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী হয়েছে। ফলে টানা তৃতীয় বারের মতো শপথ নিতে যাচ্ছেন নরেন্দ্র মোদি। বিজেপি নেতৃত্বাধীন এনডিএ জয়ী হলেও রাজনৈতিক বিশ্লেষকরা এটিকে মোদির এক রকম পরাজয় হিসেবেই দেখছেন। কেননা, এরপর ৪৭ পৃষ্ঠায়

## ঢাকা ছাড়ছেন আলোচিত মার্কিন রাষ্ট্রদূত হাস



ঢাকা অফিস

জুলাই মাসে ঢাকা ছেড়ে যাচ্ছেন আলোচিত মার্কিন কূটনীতিক পিটার হাস। তিনি যুক্তরাষ্ট্রে ফিরে গিয়ে কূটনীতিক পেশা থেকেও ইস্তফা দেবেন বলে জানা গেছে। তিনি একটি বেসরকারি কোম্পানীতে যোগ দিতে পারেন। পিটার হাস কূটনীতিক ক্যারিয়ারের অবসান ঘটিয়ে বেসরকারী কোম্পানীতে যোগ দিচ্ছেন কিনা জানতে চাইলে ঢাকায় এরপর ৪৯ পৃষ্ঠায়













# Marks Home Care
# মার্কস্ হোম কেয়ার

MHC



আমরা নূতন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

We Welcome Agency Transfers and New Clients.

- ✔ প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- ✔ প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা প্রদান করে প্রতি সপ্তাহে আকর্ষণীয় আয়ের নিশ্চয়তা

FOLLOW US ON
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

## বিস্তারিত জানতে কল করুন
# 718-697-7717

E-mail : info@markshhc.com | www.markshhc.com

### Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

2002 Mcgrow Ave
Bronx, NY 10462

721 E Tremont Ave,
Bronx, NY 10457

### Brooklyn
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

1104 Liberty Ave
Brooklyn, NY 11208

### Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

### Hicksville
217 Bethpage road
Hicksville, NY 11801

### Buffalo
1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

### Rochester
504 W Main St
Rochester, NY 14608


* শেষ পৃষ্ঠার পূর্বের পৃষ্ঠায় আমাদের আরও বিজ্ঞাপন দেখুন। *

# Queens Social Adult Day Care Center Inc
# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক



Captain Mahfuzul Haque



## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম
- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ
- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম
- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম
- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম
- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

**We speak**
Spanish, Urdu, Hindi & Arabic



আমরা ৭ দিনই খোলা

***For details information please contact***

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

1217 Liberty Avenue, Brooklyn, NY 11208

## সম্পাদকীয়

# প্রবাসীদের 'আমব্রেলা' সংগঠন রাহুমুক্ত হোক

## বাংলাদেশ সোসাইটি তুমি কার?

যে অসন্তোষ দীর্ঘ দিন ধরে সবাইকে আলোড়িত করছিল, তা এবার প্রকাশ হয়ে পড়ল। যে ক্ষোভ পুঞ্জিভূত হয়ে ছিল সবার মনে, তা এবার কমিউনিটিতে ছড়িয়ে পড়ল। বিষয়টি নিয়ে সবাই ক্ষুব্ধ, কিন্তু কিছু বলার সুযোগ পাওয়া যায় না। বিপুল সংখ্যক বাংলাদেশি ভোট দিয়ে নির্বাচন করে থাকে সংগঠনটির কর্মকর্তাদের, কিন্তু তার পরে আর এই মানুষদের কোন গুরুত্ব থাকে না। কেমন করে যেন সংগঠনটি চলে যায় মুষ্টিমেয় কিছু মানুষের দখলে, তাদের খেয়াল-খুশি সেখানে প্রাধান্য পায়। তবে সবচেয়ে বড় যে বিপর্যয়টি সংগঠনের ভাগ্যে সাম্প্রতিককালে নেমে এসেছে তা হলো সংগঠনটি এক ব্যক্তি বিশেষের পকেট প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। সংগঠনটিকে সেই ব্যক্তিবিশেষ দখল করে নিয়ে তার মোড়ল হয়ে বসেছেন।

বলছি, নিউইয়র্কের বাংলাদেশি কমিউনিটির প্রাণপ্রিয় একক বৃহত্তম সংগঠন 'বাংলাদেশ সোসাইটি'র কথা। এ সত্য আজ স্পষ্ট হয়ে উঠেছে যে সাম্প্রতিক সময়ে বাংলাদেশ সোসাইটি সেই বিশেষ ব্যক্তির দখলদারিত্বে চলে গেছে। সেই প্রায় এক যুগ আগে তিনি নির্বাচিত হয়েছিলেন সভাপতি। মূলত সেবারের নির্বাচন থেকেই প্রকাশ্যে চলে আসে সোসাইটির ভোট নিয়ে পর্দার পেছনের খেলা। নিজের অর্থে সদস্যদের ভোটার বানিয়ে নিজের ভোট ব্যাংক বাড়ানোর প্রয়াস। সোসাইটির ভোটার হতে হলে সদস্যদের আর চাঁদা পরিশোধ করতে হয় না। চাঁদা পর্দার অন্তরালেই পরিশোধ করা হয়ে যায়। শুধু এই অর্থের কাছে বিক্রি হয়ে যান ভোটাররা। ভোটটা দিতে হয় অর্থের যোগানদাতাদের মর্জি অনুযায়ী।

> খবরে বলা হয়েছে, এ নির্বাচন নিয়ে সোসাইটি অফিসে হাতাহাতি-ধাক্কাধাক্কির ঘটনা ঘটেছে। যে ঘটনায় পুলিশকে হস্তক্ষেপ করতে হয়েছে। আমরা মনে করি সোসাইটির এমন অবস্থায় মেনে নেয়া যায় না। ব্যক্তিবিশেষের রাহুগ্রাস থেকে মুক্ত করতে হবে সোসাইটিকে। সোসাইটি হোক সকল বাংলাদেশির নিজস্ব সংগঠন

যার কথা বলছি তিনি সোসাইটির সভাপতি নির্বাচিত হয়েছিলেন তার অর্থের জোরেই। অর্থের জোর তার অবশ্যই আছে। সেই যে নির্বাচিত হলেন আর এ সংগঠন ছাড়লেন না। পর পর দুবার এ পদ অলংকৃত করলেন। তারপরও ছাড়লেন না। সোসাইটির 'অভিভাবক' হিসেবে পরিচিত ট্রাস্টি বোর্ডে ঢুকে পড়লেন। পরে দখল করলেন চেয়ারম্যানের পদটি। শুনতে অবাক লাগলেও সত্য যে, বিগত দশ বছরের বেশি সময় ধরে তিনি বিভিন্ন পদে অধিষ্ঠিত থেকে সোসাইটির ওপর খবরদারি করে চলেছেন। অবশ্যই প্রশ্ন উঠতে পারে তিনি তো গায়ের জোরে কোন পদ দখল করেননি, তিনি তো নির্বাচিত হয়েছেন। এর জবাব গত সপ্তাহের সাপ্তাহিক আজকাল-এ প্রকাশিত খবরে নিহিত রয়েছে। তিনি কোন প্রক্রিয়ায় সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান পদে বারবার অধিষ্ঠিত হতে পারছেন তার উল্লেখ খবরটিতে তুলে ধরা হয়েছে। খবরে বলা হয়েছে, সোসাইটির বিগত নির্বাচনে মোহাম্মদ রব মিয়া ও রুহুল আমিন যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদক নির্বাচিত হওয়ার পর নির্বাচন অনুষ্ঠিত হয় ট্রাস্টি বোর্ডের। কথিত ভদ্রলোকের নাম প্রস্তাব হয় সে নির্বাচনে। কিন্তু তিনি নির্বাচিত হতে ব্যর্থ হন। জয়লাভের জন্য প্রয়োজন কার্যকরী কমিটির ১৯ সদস্যের মধ্যে ১২ জনের সমর্থন। তিনি পান ৮ ভোট। তার এই পরাজয়ের পরই শুরু হয় অন্তরালের তৎপরতা। তার জন্য আয়োজন করা হয় দ্বিতীয় দফা ভোটের। সেবারও তিনি ১২ ভোট পেতে ব্যর্থ হন, পান ৯ ভোট। তাকে ট্রাস্টি বোর্ডে আনার জন্য পর্দার পেছনের খেলা চলতেই থাকে। আয়োজন করা হয় তৃতীয় দফা ভোটের। এবার তাকে যেভাবেই হোক নির্বাচিত করার জন্য শুরু হয় ন্যাক্কারজনক তৎপরতা। পত্রিকার ভাষায় অনেক সদস্যকে এই পর্যায়ে 'ম্যানেজ' করা হয়। এই ম্যানেজ হওয়া সদস্যদের ভোটে চতুর্থ দফায় তিনি নির্বাচিত হয়ে যান। এবং ট্রাস্টি বোর্ডে নির্বাচিত হওয়া মানেই বোর্ডের চেয়ারম্যান নির্বাচিত হওয়া ছিল তার জন্য অবধারিত। খবরে বলা হয়েছে, এ নির্বাচন নিয়ে সোসাইটি অফিসে হাতাহাতি-ধাক্কাধাক্কির ঘটনা ঘটেছে। যে ঘটনায় পুলিশকে হস্তক্ষেপ করতে হয়েছে।

সোসাইটির এমন অবস্থায় মেনে নেয়া যায় না। সোসাইটি এখন প্রস্তুত হচ্ছে আগামী নির্বাচনের জন্যে। আমরা মনে করি ব্যক্তিবিশেষের রাহুগ্রাস থেকে মুক্ত করতে হবে সোসাইটিকে। সোসাইটি হোক সকল বাংলাদেশির নিজস্ব সংগঠন।

---

### ভারতের লোকসভা নির্বাচন

# বিশ্বের গণতন্ত্রকামীরা নিশ্বাস ফেলার সুযোগ পেল

**আলী রীয়াজ**



ভারতের লোকসভা নির্বাচনের যে ফল জানা গেছে, তাতে এটা স্পষ্ট যে নরেন্দ্র মোদির নেতৃত্বাধীন বিজেপি এককভাবে সরকার গঠন করতে পারছে না এবং সব ধরনের পূর্বাভাসকে ভুল প্রমাণ করে কংগ্রেসের নেতৃত্বাধীন ইন্ডিয়া জোট আশাতীতভাবে ভালো ফল করেছে। সরকার গঠনের জন্য প্রয়োজনীয় ২৭২ আসন ক্ষমতাসীন এনডিএ জোটের আছে। ফলে নাটকীয় ঘটনা না ঘটলে মোদি ক্ষমতায় থাকছেন। তবে এক দশক ধরে ক্ষমতায় একটি দলের যে একচ্ছত্র প্রাধান্য ছিল, তার অবসান ঘটল। এ সবই ভারতের অভ্যন্তরীণ রাজনীতির জন্য গুরুত্বপূর্ণ। কিন্তু ভারতের নির্বাচনের এই ফলাফলের একটি বৈশ্বিক গুরুত্ব আছে, বৈশ্বিক রাজনীতিতে এর প্রতিক্রিয়া পড়বে, এটা প্রায় নিশ্চিত করেই বলা যায়।

প্রায় দেড় দশক ধরে সারা বিশ্বে গণতন্ত্রের বিপরীত স্রোত বইছে। গণতন্ত্রের অবনমন ঘটেছে এবং দেশে দেশে স্বৈরাচারী শাসকদের উত্থান ঘটেছে। ওয়াশিংটনভিত্তিক প্রতিষ্ঠান ফ্রিডম হাউসের হিসাব অনুযায়ী, এই উল্টো স্রোতের যাত্রা শুরু হয়েছে ২০০৬ সালে। এর পর থেকে সামগ্রিকভাবে অবস্থার অবনতিই ঘটছে। লন্ডনভিত্তিক ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট (ইআইইউ) তাদের হিসাবে দেখিয়েছে, সারা বিশ্বের গণতন্ত্রের গড় স্কোর গত এক দশকে ৫ দশমিক ৫৫ থেকে নেমে এসেছে ৫ দশমিক ৫৩-এ। এ রকম একটি প্রেক্ষাপটে ২০২৪ সালকে বলা হয়েছে গণতন্ত্রের পরীক্ষার বছর। এর কারণ হচ্ছে এই বছর সারা দুনিয়ায় যত নির্বাচন হবে, আগে কখনোই এক বছরে এত নির্বাচন হয়নি। ইউরোপীয় ইউনিয়ন এবং বিশ্বের ৬৪টি দেশে এ বছর নির্বাচন হওয়ার কথা, ইতিমধ্যে অনেক দেশে নির্বাচন হয়েছে।

নির্বাচন গণতন্ত্রের অন্যতম উপাদান হলেও নির্বাচনই যে গণতন্ত্র নয়, সেটা এখন সবাই জানেন। যে কারণে সারা বিশ্বের এই নির্বাচনগুলো নিয়ে প্রশ্ন ছিল, গণতন্ত্র রক্ষায় এগুলো ভূমিকা রাখবে নাকি ঘটবে উল্টোটা? (এ কে এম জাকারিয়া, 'নির্বাচনগুলো কি গণতন্ত্র বাঁচাবে, নাকি আরও ডোবাবে', প্রথম আলো, ৬ মে ২০২৪) কিন্তু এতগুলো নির্বাচনের মধ্যে যেসব দেশের দিকে সবার নজর ছিল এবং আছে, তার মধ্যে অন্যতম হচ্ছে ভারত, দক্ষিণ আফ্রিকা, ব্রাজিল ও যুক্তরাষ্ট্র। এর কারণ হচ্ছে আকারে এই দেশগুলো বড়, তার মধ্যে ভারতেই সর্বাধিক ভোটার।

> ভারতে নির্বাচনের ফল বৈশ্বিকভাবে গণতন্ত্রকামীদের সামান্য নিশ্বাস ফেলার সুযোগ তৈরি করেছে। কিন্তু অবস্থার বদল ঘটবে কি না, সেটা নির্ভর করে ভারতের নাগরিক সমাজ এবং বিরোধী রাজনীতিবিদেরা তাঁদের প্রতিরোধ অব্যাহত রাখছেন কি না, তার ওপর। গণতন্ত্র পুনরুদ্ধারে নির্বাচন ভূমিকা রাখে, কিন্তু গণতন্ত্র রক্ষার সংগ্রাম প্রতিদিনের


কেবল ভোটারের সংখ্যাই ভারতের দিকে নজর দেওয়ার কারণ নয়। এর অন্যতম কারণ হচ্ছে ভারতে নরেন্দ্র মোদি ক্ষমতায় আসার পর থেকে দেশটির গণতন্ত্রের ক্রমাগত পেছনের দিকে যাত্রা। ফ্রিডম হাউসের হিসাবে দেখা যায়, ২০১৪ সালে ভারতকে বিবেচনা করা হতো মুক্ত বা ফ্রি দেশ হিসেবে। যার অর্থ হচ্ছে ভারতে গণতন্ত্রের চর্চা ছিল অবাধ, নাগরিকের অধিকার ছিল শক্তিশালী। ২০২৪ সালে ভারতকে বলা হচ্ছে আংশিক মুক্ত বা পার্টলি ফ্রি। ইআইইউর হিসাবে ভারত হচ্ছে ত্রুটিপূর্ণ গণতন্ত্র বা ফ্লড ডেমোক্রেসি। সুইডেনভিত্তিক গবেষণাপ্রতিষ্ঠান ভ্যারাইটিস অব ডেমোক্রেসি (ভি-ডেম) ইনস্টিটিউট ২০১৮ সালে ভারতকে 'ইলেকটোরাল অটোক্রেসি' বা নির্বাচনের মধ্যে ভেঁকে বসা স্বৈরতন্ত্র বলে চিহ্নিত করে। এর আগপর্যন্ত ভারতকে নির্বাচিত গণতন্ত্র বা ইলেকটোরাল ডেমোক্রেসি বলেই বিবেচনা করা হতো। অবস্থার ক্রমাবনতির প্রেক্ষাপটে ২০২৪ সালের প্রতিবেদনে ভি-ডেম ভারতকে বলেছে, 'সবচেয়ে খারাপ স্বৈরাচারকরণকারী' (ওয়ার্স্ট অটোক্রেটাইজার) দেশগুলোর একটা। ভারতে গণতন্ত্রে নাগরিকদের অবস্থা ২০২৩ সালে কী ছিল, তা বোঝাতে ভি-ডেম তার প্রতিবেদনে বলেছিল, অবস্থা এখন ১৯৭৫ সালে ইন্দিরা গান্ধীর জারি করা জরুরি অবস্থার সময়ের মতো। স্মরণ করা যেতে পারে যে ২০১৪ সালের আগপর্যন্ত এটাই বলা হতো যে ১৯৭৫ সালে জরুরি অবস্থা হচ্ছে ভারতের অব্যাহত গণতন্ত্রচর্চার ইতিহাসে একটি কালিমা। ভি-ডেমের প্রতিবেদনে মোদির তৃতীয় দফা শাসনের সম্ভাবনা বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছিল যে অবস্থা আরও খারাপ হবে। এ রকম আশঙ্কার মুখেই নরেন্দ্র মোদি আবার ক্ষমতায় ফিরেছেন। কিন্তু আশার বিষয় হচ্ছে, ভারতের ভোটাররা তাঁর একচ্ছত্র শাসন অব্যাহত না রাখার পক্ষেই রায় দিয়েছেন এই অর্থে যে তাঁরা বিজেপিকে একক সংখ্যাগরিষ্ঠতা

এরপর ২৮ পৃষ্ঠায়

---

# ভারতীয় গণতন্ত্রের জোর

**অভিজিৎ কুণ্ডু**



সাতাত্তর বছর স্বাধীন-সার্বভৌমত্ব ভোগ করে এক সন্ধিক্ষণে দাঁড়িয়ে এদেশ (ভারত) অষ্টাদশ লোকসভা গঠনের মুখে। একমাত্রিক, একধর্মীয় ভারত গঠনের প্রকল্প থেকে এটাই সংবিধান-নির্ধারিত বহুদলীয় পার্লামেন্টারি ব্যবস্থা আগলে রাখার শেষ লড়াই। আগ্রাসী জাতীয়তাবাদী শক্তি আর করপোরেট পুঁজির মেলবন্ধনে গণতন্ত্র বিপন্ন। গণতন্ত্র এক বিরাট পরীক্ষার সামনে। 'সংখ্যাগরিষ্ঠ'র আধিপত্য আর আস্ফালন অনেকটাই গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার ধারণাকে ঘেঁটে দিতে পেরেছে।

এই আশঙ্কার সামনে মনে রাখা দরকার, পশ্চিমি উদারবাদী গণতান্ত্রিক ব্যবস্থার আদলে ভারতের রাষ্ট্রব্যবস্থা তৈরি হয়নি। পশ্চিমের গণতান্ত্রিক রাষ্ট্রগুলো বাজার অর্থনীতির প্রয়োজনে উদার সমাজব্যবস্থার ভিত্তির উপর গড়ে উঠেছে, যেখানে বৃহত্তর জনগোষ্ঠী প্রতিযোগিতামূলক বাজারে সমানাধিকারে প্রতিদ্বন্দ্বিতা করার ইন্ধন পেয়েছে। রাষ্ট্রের সঙ্গে তার সংঘাত এভাবেই সামলে দেওয়া গিয়েছে। এই পশ্চিমি মডেল কিন্তু গোটা বিশ্বের সভ্যতার মডেল হয়ে ওঠেনি। পিছিয়ে থাকা অনুন্নত দেশগুলোর কাছে গণতন্ত্রের মানে ছিল অবদমিত শ্রেণির পক্ষে এক রাষ্ট্রব্যবস্থা। শোষণের বিরুদ্ধে গণতন্ত্র যেন একটা নৈতিকতার দিকদর্শন। অর্থাৎ, এশিয়া-আফ্রিকার গণতান্ত্রিক গতিপথ একেবারে ভিন্নধারায় এগিয়েছে। তথাকথিত তৃতীয় বিশ্বের দেশগুলোর কোনো উদার সমাজের ভিত্তি ছিল না। সামাজিক-অর্থনৈতিক-রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা বা প্রতিযোগিতার কোনো প্রেক্ষাপটই ছিল না, যা গণতান্ত্রিক পরিসরের প্রাক্কথন হতে পারে। একইসঙ্গে রাজনৈতিক শ্রেণিচেতনা প্রসূত গণতন্ত্রের ধারণা বা অনুশীলন এসব দেশে কষ্টকল্পনা। জাতীয়তাবাদী চেতনাই বিশ্বের এ-প্রান্তের দেশগুলোর গণতন্ত্রের ভিত। গণতন্ত্রের মন্ত্রেই উদার গণতান্ত্রিক ঔপনিবেশিক শাসনকে প্রতিহত করার হাতিয়ার হয়ে উঠেছে। এক নয়া গণতন্ত্রের ধারণা এভাবে শিকড় খুঁজে পেয়েছে এই দেশগুলোয়, ভারত যার ব্যতিক্রম নয়।

গোষ্ঠী বা সম্প্রদায় চেতনা আর আনুগত্য ঔপনিবেশিক অধ্যায়ে জাতীয়তাবাদে সংযোজিত হলেও পরবর্তী সময়ে গণতন্ত্র নির্ভর করেছে প্রাক্-আধুনিক জাতিগোষ্ঠী সংহতি, সমন্বয় আর আধুনিক মূলধন লগ্নির ওপর। কাস্ট, ক্যাপিটাল-এ দুই নির্ধারকের সঙ্গে সংযুক্ত হয়েছে কমিউনাল। অর্থাৎ 'থ্রি সি' ঘিরে আবর্তিত হয়েছে ভারতীয় গণতন্ত্র। বিশ্বায়িত অর্থনৈতিক আর সামাজিক বিন্যাসের পাশাপাশি এসেছে আদিসত্তা, ধর্মীয় সত্তাভিত্তিক রাজনৈতিক মেরুকরণ আর সংহতি। স্বাধীনতা-উত্তর পর্বে জাতি সমন্বয় আর সংহতি নির্বাচনি বাধ্যবাধকতা সূত্রে ভারতীয় গণতন্ত্রকে সমৃদ্ধ করেছে। এর পাশাপাশি ধনতান্ত্রিক বিকাশ ভারতীয় গণতন্ত্রকে এক অগ্রবর্তী যাত্রা দিয়েছে। সেখানে এই ধর্মীয়-সাম্প্রদায়িক রাজনৈতিক সামাজিকীকরণের ভূমিকা বিরাট-এক অর্থে ভারতীয় গণতন্ত্রকে টিকিয়ে রেখেছে সেই বৃহত্তর জনতা, অশিক্ষিত বা অর্ধশিক্ষিত গরিব, নানাবিধ কায়িক পরিশ্রমে যুক্ত শ্রেণি, যারা আবার নানা জাতি-জনজাতিতে বিভক্ত। নির্বাচনি ভ্রাতৃত্বের তাগিদ জাতি-জনজাতি বিভাজনকে অনেকটাই পিছনে ফেলে দিয়েছে।

আবার, প্রাথমিক গণতন্ত্রীকরণের 'টপ-ডাউন' চরিত্রের মতোই একসূত্রে বাঁধা রয়েছে আর্থিক উন্নয়নের মডেল। অবধারিতভাবে উপর থেকে পরিচালিত এই নির্বাচনি গণতন্ত্র জন্ম দিয়েছে গ্রামীণ বিত্তশালী শ্রেণি। সাবেক সামন্ত শ্রেণির আঞ্চলিক পুনর্বিন্যাস আর রাজনৈতিক ক্ষমতায়নে আন্তঃজাতি সমন্বয় জরুরি। দলিত শ্রেণির রাজনৈতিক গোষ্ঠী হিসাবে গুরুত্বপূর্ণ হয়ে ওঠার সেটাই সূত্রপাত। নেহরু-উত্তর ভারতে 'গরিবি হটাও' স্লোগান দলিত আর পিছিয়ে পড়া অবদমিত শ্রেণির গণতন্ত্রে অংশগ্রহণের এক চমকপ্রদ দিকনির্দেশ করে। এই মোড় ঘোরানো সমাজগঠনের সহযোগী পদক্ষেপ ছিল নানা অর্থনৈতিক রাষ্ট্রীকরণ। প্রাতিষ্ঠানিক গণতন্ত্রীকরণের বদলে ক্ষমতার চরম কেন্দ্রীয়করণের অবশ্যম্ভাবী পরিণতি ঘটে জরুরি অবস্থায়। জরুরি অবস্থার অভিঘাতে সাবেক ভারতীয় সমাজ-কাঠামোর গোষ্ঠী বিভাজন আর আঁতাত নতুন ধারায় বিবর্তিত হয়। এই গোষ্ঠী বা সম্প্রদায় বিবাদ-আঁতাতের ক্রমবিবর্তনই ভারতীয় গণতন্ত্রের স্তম্ভ।

জরুরি অবস্থার পরবর্তী সময়ে পার্শ্বপ্রতিক্রিয়া স্বরূপ তৈরি হয় রাজ্যস্তরীয় প্রাদেশিক দলের রমরমা। সংখ্যাতত্ত্বের হিসাব ছাড়াও মধ্যবর্তী গ্রামীণ সমাজের রাজনৈতিক আর অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ হয়ে ওঠার সেই শুরু। গ্রামীণ সমাজ যত বেশি করে মূলধনি আওতায় আসতে থাকে, তত বেশি সাবেক উচ্চ জাত-দলিত জোট দুর্বল হতে থাকে। নিশ্চিতভাবে ভারতীয় অর্থনীতি বেরিয়ে আসতে থাকে রাষ্ট্র-নিয়ন্ত্রিত উন্নয়ন মডেল থেকে।

নব্বইয়ের দশক শুধু বিশ্বায়ন আর উদার অর্থনীতির দশক নয়, ওই একই সময়ে ভারতীয় সমাজ প্রত্যক্ষ করেছে বহুজন-পিছড়ে বর্গের ঊর্ধ্বমুখী গতিশীলতা। রাজনৈতিক ক্ষমতায়নের রসায়নে মূলধনি সংযোগ ছাড়াও অর্থপূর্ণ মাত্রা এনে দেয় সর্বভারতীয় স্তরে ধর্মীয় সংখ্যালঘুর সক্রিয় রাজনৈতিক অংশগ্রহণ। ক্ষমতার ভরকেন্দ্রের এই বদলের সঙ্গে সামনের সারিতে উঠে আসে ধর্মীয় পরিচয় সত্তার রাজনৈতিক প্রয়োগ। জাতীয়তাবাদ গঠনে ধর্মীয় আত্মসাতের চোরাস্রোত প্রাক্-স্বাধীনতা

এরপর ৪৫ পৃষ্ঠায়

> নয়া মধ্য শ্রেণির উত্থানের আড়ালে চলে যাওয়া বৃহত্তর, নানা পরিচিতি-স্বার্থে বিভক্ত ভারতীয় সমাজ এই সমকালীন মডেলের কাছে অস্বস্তির বড় কারণ। আধুনিকতা কোনো মায়া বা বিভ্রমকে চিরকাল ধরে রাখতে দেয় না। গণতান্ত্রিক সাংবিধানিক ব্যবস্থা নিয়ে 'বাস্তব আশঙ্কা'কে ভারতীয় সমাজ তাই আশ্বস্ত করতে পারে। রুখে দিতে পারে এই একমুখী, একমাত্রিক আগ্রাসী প্রকল্প। ভারতীয় গণতন্ত্র স্বতন্ত্র। শুধু রাজনৈতিক দলের কার্যকারিতার ওপর এর বিবর্তন নির্ভর করে না


Editor & Publisher : Shah Nawaz
Chief Editor : Manzur Ahmed
Associate Editor : Hasanuzzaman Saki
Managing Editor : Rano Nawaz
Commercial Chief : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
প্রধান সম্পাদক : মনজুর আহমদ
সহযোগী সম্পাদক : হাসানুজ্জামান সাকী
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
বাণিজ্যিক প্রধান : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights, NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# এখন বেনজীরকে পায় কে!

ড. মাহবুব উল্লাহ্

গণমাধ্যমে পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদ ও তার পরিবারের বিপুল সম্পদের তথ্য বেরিয়ে আসার পর থেকে তাকে নিয়ে দেশজুড়ে আলোচনা-সমালোচনার ঝড় বইছে। দুর্নীতির জন্য তাকে বিচারের কাঠগড়ায় দাঁড় করানোর দাবি উঠছে বিভিন্ন মহল থেকে। গণমাধ্যমে পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদ সম্পর্কে বোমা বিস্ফোরণের মতো খবর প্রকাশিত না হলে দুর্নীতি দমন কমিশন বিষয়টি নিয়ে অনুসন্ধানে নামত কিনা, সে ব্যাপারে দেশবাসীর মনে গভীর সন্দেহের কথা অনেকেই বলেছেন। আইন অনুযায়ী দুর্নীতি দমন কমিশন স্বাধীন হলেও ক্ষমতাধর ও তাদের আশপাশে যারা থাকেন, তাদের দুর্নীতি উদ্ঘাটন ও তাদের বিচার প্রক্রিয়ায় নিয়ে আসতে দুদক কতটা স্বাধীনভাবে ভূমিকা পালন করতে পারে, তা নিয়ে জনমনে যে প্রশ্ন আছে, তা উপেক্ষা করা যাবে না। তবে কিছুটা হলেও স্বস্তির বিষয়, গণমাধ্যমের সাহসী ভূমিকার ফলে দুদক নিষ্ক্রিয় থাকতে পারেনি।

বেনজীর আহমেদ ও তার স্ত্রী-সন্তানদের নামে গোপালগঞ্জ, মাদারীপুর, ঢাকাসহ কয়েকটি জেলায় ৬২১ বিঘা জমি, ঢাকার গুলশানে ৪টি ফ্ল্যাট, ৩৩টি ব্যাংক হিসাব, ১৯টি প্রতিষ্ঠানের শেয়ার ও ৩টি বিও হিসাব এবং ৩০ লাখ টাকার সঞ্চয়পত্রের সন্ধান পেয়েছে দুদক। দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে এসব সম্পদ জব্দ করার আদেশ দিয়েছেন আদালত।

দেশব্যাপী সবাই বলছেন, একজন সরকারি চাকুরে হওয়া সত্ত্বেও কী করে বেনজীর বিশাল পরিমাণ সহায়-সম্পদের মালিক হলেন, তা কোনো অঙ্কেই মেলানো সম্ভব নয়। সমগ্র জীবনে চাকরি থেকে বড়জোর দুই-আড়াই কোটি টাকা আয় করা সম্ভব। তা দিয়ে কি শত শত কোটি টাকার সম্পদের মালিক হওয়া যায়? কর্মজীবনে তিনি শুদ্ধাচারের পুরস্কার পেয়েছেন। শুদ্ধাচারের নমুনা কি এই? সরকারের যে কমিটি বেনজীরকে শুদ্ধাচারের পুরস্কার প্রদানের সুপারিশ করেছে, তারা কী করে বেনজীরের সততা সম্পর্কে নিশ্চিত হলেন! যতদূর জানি এবং বুঝি, এ ধরনের পুরস্কার ঘোষণার আগে যাকে পুরস্কার দেওয়া হবে, তার সম্পর্কে গোয়েন্দা সংস্থা দিয়ে তথ্য-তালাশ করার একটি রীতি প্রচলিত আছে। বেনজীরের ক্ষেত্রে সে ধরনের কোনো অনুসন্ধান হয়েছিল কি? হয়ে থাকলে তাতে কী জানা গেছে? না হয়ে থাকলে সেজন্য কে বা কারা দায়ী? সে ব্যাপারেও অনুসন্ধান হওয়া উচিত। বেনজীর শুধু শুদ্ধাচারের পুরস্কারই পাননি, তিনি আমাদের দুটি নিরাপত্তা সংস্থা প্রধানের দায়িত্বে বোরিত হয়েছেন। ২০২০ সালের এপ্রিল থেকে ২০২২ সালের সেপ্টেম্বর পর্যন্ত পুলিশের আইজি ছিলেন। এর আগে ২০১৫ সালের জানুয়ারি থেকে ২০২০ সালের এপ্রিল পর্যন্ত র‌্যাবের মহাপরিচালক ছিলেন। তিনি ঢাকা মহানগরের পুলিশ কমিশনার হিসাবেও দায়িত্ব পালন করেন। বিগত কয়েক বছরে যে তিনটি গুরুত্বপূর্ণ পদ অলংকৃত করেছেন, তার প্রতিটিরই অনুষঙ্গ প্রবল ক্ষমতা। নিঃসন্দেহে বেনজীর আহমেদ গত প্রায় এক দশক ধরে প্রবল ক্ষমতা ভোগ করেছেন। ক্ষমতার সঙ্গে যখন বন্দুক যুক্ত হয়, তখন ক্ষমতা হয়ে উঠতে পারে ভয়ংকর! ইংল্যান্ডের লর্ড অ্যাকটন বলেছেন, Power tends to corrupt, and absolute power corrupts absolutely. বেনজীরের ক্ষেত্রে লর্ড অ্যাকটনের ঐতিহাসিক উক্তিটি সত্য প্রমাণিত হতে চলেছে বোধকরি। তবে প্রাথমিকভাবে অনুমান করা যায়, মহাক্ষমতাধর যদি তিনি না হতেন, তাহলে হয়তো জনমনে তার সম্পর্কে এত সন্দেহ দানা বাঁধত না।



বেনজীর কী করেছেন? ১ জুনের দৈনিক প্রথম আলোর প্রধান শিরোনাম ছিল, 'ভয় দেখিয়ে সংখ্যালঘুদের জমি কিনে নেন বেনজীর।' এ প্রতিবেদনের সারসংক্ষেপ হলো গোপালগঞ্জ ও মাদারীপুরে বেনজীর পরিবার কিনেছে ৫৯৮ বিঘা জমি। আইজিপি ও র‌্যাবের মহাপরিচালক থাকার সময় জমি কেনা হয়। এ প্রতিবেদনে আরও লেখা হয়েছে, 'বেনজীর আহমেদ ও তার পরিবারের সদস্যদের নামে গোপালগঞ্জ ও মাদারীপুরের প্রায় ৬০০ বিঘা জমি কেনা হয়েছে। এসব জমির প্রায় সবই ছিল হিন্দু সম্প্রদায়ের। হিন্দু সম্প্রদায়ের লোকজন বলেছেন, জমি বিক্রি ছাড়া তাদের কোনো উপায় ছিল না। ভয় দেখিয়ে, জোর করে এবং নানা কৌশলে তাদের কাছ থেকে জমিগুলো কেনা হয়েছে। গোপালগঞ্জ ও মাদারীপুরে গিয়ে জমি বিক্রি করা হিন্দু পরিবারগুলোর সঙ্গে কথা বলে জানা গেছে, তাদের জমি কিনতে এক পুলিশ কর্মকর্তাকে নিয়োজিত রেখেছিলেন বেনজীর আহমেদ। বেনজীর পরিবারের রিসোর্টের নির্মাণকাজের তদারক করতেন পুলিশ ও র‌্যাবের কিছু সদস্য। তাদের দিয়ে তরমুজ চাষসহ কৃষিকাজও করানো হয়েছে। মাঠপর্যায়ের একজন পুলিশ কর্মকর্তা বিষয়টি প্রথম আলোর কাছে স্বীকারও করেছেন। তিনি বলেন, ঊর্ধ্বতন কর্মকর্তারা নির্দেশ দিলে কিছু করার থাকে না। বেনজীর আহমেদ এসব জমি কেনা ও রিসোর্ট গড়ার কাজটি করেছেন আইজিপি (২০২০ সালের এপ্রিল থেকে ২০২২ সেপ্টেম্বর) ও র‌্যাবের মহাপরিচালক থাকার সময় (২০১৫ সালের জানুয়ারি থেকে ২০২০ সালের এপ্রিল)। আমরা জানি, কোনো সরকারি কর্মকর্তা তার ঊর্ধ্বতন সরকারি কর্মকর্তার বেআইনি নির্দেশ পালন করতে বাধ্য নন। এ ব্যাপারে সাবেক আইজিপি নূর মোহাম্মদ বলেছেন, 'কোনো ব্যক্তিগত বা ব্যবসায়িক কাজে ঊর্ধ্বতন কর্মকর্তারা পুলিশ সদস্যদের নিয়োজিত করতে পারেন না। যদি তা করা হয়, সেটা অন্যায় ও অপরাধ।' বেনজীর নিম্নপদস্থ পুলিশ কর্মকর্তাদের তার ব্যক্তিগত কাজের জন্য ব্যবহার করেছেন। এ কাজ গর্হিত অপরাধ এবং নিন্দনীয় বটে। বেনজীরের হয়ে কিছু অধস্তন কর্মকর্তা সংখ্যালঘু হিন্দু সম্প্রদায়কে ভয়-ভয় দেখিয়ে

এরপর ৪৪ পৃষ্ঠায়




গাজীপুরে খ্রিষ্টান ও হিন্দুদের জমি কিনতে গিয়ে জোর জবরদস্তির আশ্রয় নেওয়া হয়েছে বলে অভিযোগ উঠেছে। আর্থ-সামাজিক দৃষ্টিকোণ থেকে বেনজীর-কাণ্ডকে আমরা কীভাবে বিশ্লেষণ করব? আমার কাছে মনে হয়েছে বাংলাদেশ বর্তমান মুহূর্তে রুগ্‌ণ পুঁজিবাদের কবলে আছে। পুঁজিবাদের প্রাথমিক স্তরে আদিম সঞ্চয়নের ঘটনা ঘটে। এ আদিম সঞ্চয়ন সম্ভব হয় লুণ্ঠন, জোর-জবরদস্তি এবং সর্বপ্রকার সামাজিক ন্যায়নীতির প্রতি বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন করে। এর পাশাপাশি থাকে দুর্নীতির দোর্দণ্ড প্রতাপ, দুর্বিনীত আচরণ। বেনজীর সেই পথেই সম্পদ আহরণ করেছিলেন বলে ধারণা করা যায়। আবারও খবর বেরিয়েছে স্পেনে রয়েছে তার সেকেন্ড হোম এবং রয়েছে তুরস্কের নাগরিকত্ব। এখন বেনজীরকে পায় কে? এটাই দেখার বিষয়

# দায় না নেওয়ার ঘোষণায় দায়মুক্তি হয় না

কামাল আহমেদ

তিনি উল্টো ভোক্তাদের ঘাড়ে দায় চাপিয়ে প্রশ্ন তুললেন, গ্রাহকেরা যখন এক লাখ টাকার পণ্য অর্ধেক মূল্যে কেনার জন্য ই-কমার্স প্রতিষ্ঠানগুলোতে লগ্নি করেছেন, তখন তাঁরা সরকারকে কি জানিয়েছেন? কম মূল্যে পণ্য কেনার স্বভাবজাত চেষ্টাকেই তিনি তাঁদের ক্ষতির কারণ হিসেবে চিহ্নিত করলেন (ই-কমার্সে ক্ষতিগ্রস্ত গ্রাহকদের দায় নেবে না সরকার, যুগান্তর, ৮ অক্টোবর ২০২১)। জনগণের ভাগ্য উন্নয়ন এবং দেশের উন্নতিতে নেতৃত্ব দেওয়ার প্রত্যয় ও অঙ্গীকার করে রাজনৈতিক দল যখন সরকার গঠন করে, তখন এসব গুরুত্বপূর্ণ বিষয়ে দল এবং সরকারের দায় না নেওয়ার দাবি কীভাবে গ্রহণযোগ্য হতে পারে? দায় নিতে না চাইলে তাদের তো দায়িত্ব ছেড়ে দেওয়ার কথা

কল্পনাকে হার মানানো দুর্নীতির রেকর্ড গড়ার কারণে এখন জন-আলোচনার কেন্দ্রে আছেন পুলিশের সাবেক একজন মহাপরিদর্শক বেনজীর আহমেদ। এর আগে তিনি আলোচিত ছিলেন ক্ষমতার দাপট ও ক্ষমতাসীন দলের প্রতি আনুগত্যের জন্য। সরকারবিরোধীদের বিক্ষোভ-প্রতিবাদ দমনে গুলি করাসহ সব ধরনের নিরোধক ব্যবস্থা নেওয়ার জন্য পুলিশকে নির্দেশনা দেওয়ার জন্য তিনি সরকারবিরোধীদের ক্ষোভের কারণ হয়েছিলেন। আইন প্রয়োগের জন্য রাষ্ট্রের পক্ষ থেকে সর্বোচ্চ দায়িত্ব পালনের পর এখন তিনিই আইনের নাগালের বাইরে বেরিয়ে গেছেন বলে বিভিন্ন সূত্রের খবর। দুর্নীতি দমন কমিশনের ডাক পেয়েও কোনো ব্যাখ্যা ছাড়াই নির্ধারিত দিনে হাজির না হওয়ায় অন্তত সেটাই প্রমাণিত হয়।



তাঁর সম্পর্কে যখন প্রতিদিনই নতুন নতুন দুর্নীতির অভিযোগ বেরোচ্ছে এবং বিদেশে তাঁর অবস্থান সম্পর্কে রহস্য তৈরি হয়েছে, তখন আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেছেন, 'বেনজীর আহমেদের ব্যক্তিগত অপরাধের দায় পুলিশ বাহিনী নেবে না।' (বাসসের খবরের শিরোনাম ১ জুন ২০২৪)। দায় না নেওয়ার কথাটি এর আগেও শুনেছি বলেই মনে হলো। সুতরাং এমন কথা আর কে বলেছেন, কবে বলেছেন, তা যাচাইয়ের চেষ্টায় গুগলের শরণাপন্ন হলাম। আপনারাও দেখতে পারেন, বিফল হবেন না। তালিকাটা অনেক দীর্ঘ হয়ে যেতে পারে। তাই বাছাই করা কয়েকটি এখানে উদ্ধৃত করাই শ্রেয়। পুলিশ বাহিনীর সদস্যদের বিভিন্ন অপরাধে জড়িয়ে পড়া নিয়ে নানা সমালোচনার মুখে বেনজীর আহমেদের পূর্বসূরি সাবেক আইজিপি এ কে এম শহীদুল হকের মুখেও এমন কথা উচ্চারিত হয়েছে ২০১৬ সালে। সিলেটে এক সভায় তিনি বলেন, 'পুলিশের কোনো সদস্য যদি কোনো অপরাধ করে, ওটা তার দায়িত্ব, তা আমার বিভাগের দায়িত্ব না।' হুবহু না হলেও প্রায় একই ধরনের কথা অন্য আইজিপিরাও তাঁদের দায়িত্ব পালনের সময়ে বলেছেন। তবে এবার স্বরাষ্ট্রমন্ত্রী বলছেন, পুলিশের শীর্ষ কর্তার অপরাধের দায় পুলিশ বাহিনীর নয়। অথচ বেনজীর র‌্যাব ও পুলিশের প্রধান থাকার সময় ওই দুই বাহিনীর সদস্যদের কাজে লাগিয়েছেন। ভয় দেখিয়ে সংখ্যালঘুদের জমি দখলে নিতে পুলিশ শুধু তাদের বড় কর্তার হুকুম প্রতিপালন করেছে তা-ই নয়, তার পাহারাদারিও করেছে বলে ভুক্তভোগীরা প্রথম আলোকে জানিয়েছেন। গাজীপুরেও ক্ষমতার জোরে সরকারের বন বিভাগের জমি জবরদখল করেছেন। প্রতিষ্ঠান হিসেবে পুলিশকে বেআইনি ব্যক্তিস্বার্থ উদ্ধারে ব্যবহারের এমন নজির তৈরির পরও পুলিশকে দায়মুক্তি দিলেন স্বরাষ্ট্রমন্ত্রী। ফলে পুলিশ বাহিনীর মাঠপর্যায়ের যেসব কর্মকর্তা বা সদস্য তাঁর অন্যায় আদেশ বেআইনিভাবে কার্যকর করেছেন, তাঁদের আর জবাবদিহির অবকাশ থাকছে না। পুলিশের সঙ্গে রাজনীতিকদের সম্পর্কের সমীকরণ কেমন, তার একটা স্বীকারোক্তি শহীদুল হকের কথাতেই আছে। বছর দুয়েক আগে তিনি তাঁর বই পুলিশ জীবনের স্মৃতি: স্বৈরাচার পতন থেকে জঙ্গি দমন-এর প্রকাশনা উৎসবে বলেন, ক্ষমতাসীন রাজনৈতিক দল চায় তারা যা বলবে পুলিশ তাই করবে; সংসদ সদস্য চান, তিনি যা বলবেন, ওসি সেটাই করবেন। এসব চ্যালেঞ্জ ও প্রতিকূলতা মোকাবিলা করে কাজ করা খুবই কঠিন (ক্ষমতাসীনেরা চায় তারা যা বলবে পুলিশ তাই করবে: সাবেক আইজিপি, সংবাদ, ২৮ মে ২০২২)।



দেশে নিরাপত্তা ও আইন প্রয়োগের কাজে যাঁরা মূল দায়িত্বে ছিলেন, তাঁদের সঙ্গে কোনো ধরনের সম্পর্কের কথা এখন আর ক্ষমতাসীন দল নিতে চাইছে না। যে কারণে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এখন বলছেন যে দুর্নীতিতে অভিযুক্ত পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ ও যুক্তরাষ্ট্রের নিষেধাজ্ঞায় পড়া সাবেক সেনাপ্রধান আজিজ আহমেদ আওয়ামী লীগের লোক নয়। সরকারি চাকরিতে থেকে দলের সদস্য হওয়ার সুযোগ নেই বলে এমন ব্যাখ্যা দাঁড় করানো খুবই সহজ।

কিন্তু রাজনৈতিক সরকারের সুনজর ও কৃপালাভের আশায় এসব পদস্থ ব্যক্তিরা যখন ক্ষমতাসীন দলের প্রতি রাজনৈতিক পক্ষপাত করেন এবং নানা রকম নিয়মবিরুদ্ধ সুবিধা দেন, তখন 'তারা আমাদের কেউ নয়' দাবিকে গা-বাঁচানোর বেপরোয়া চেষ্টা ছাড়া কি ভিন্ন কিছু বলা চলে?

আল-জাজিরা টেলিভিশন যখন জেনারেল আজিজের বিরুদ্ধে বেআইনি বিভিন্ন কাজ ও দুর্নীতির অভিযোগের বিস্তারিত নিয়ে 'অল দ্য প্রাইম মিনিস্টার্স মেন' প্রতিবেদন প্রচার করল, তখন আওয়ামী লীগের নেতা-কর্মীরা 'আই এম প্রাইম মিনিস্টার্স ম্যান' ব্যাজ ব্যবহার করেছিলেন, তার উদ্দেশ্য কী ছিল? এখন তো সেই অভিযোগগুলোই নতুন করে আরও বিশদে আলোচিত হচ্ছে, ভিন্ন কিছু নয়।

এই গা-বাঁচানোর বিষয়টি অনেক দিন ধরেই ক্ষমতাসীন আওয়ামী লীগ ও সরকারের খুব প্রিয় একটা কৌশল হয়ে দাঁড়িয়েছে। যুবলীগের ঢাকা মহানগরীর কয়েকজন নেতার বিরুদ্ধে দুর্নীতি এবং নানা অপরাধের কাহিনিগুলো যখন রাজনীতিতে তোলপাড় তুলেছিল, তখনকার কথা স্মরণ করে দেখুন। তখনো ওবায়দুল কাদেরের মুখেই আমরা শুনেছি, গুটি কয়েক লোকের দায়ভার আওয়ামী লীগ নেবে না।

দুর্নীতির বিরুদ্ধে সরকারের কঠোর ভূমিকার কথা ঘোষণা করে তিনি সেদিন বলেছিলেন, যাঁরা বিএনপি ও ফ্রিডম পার্টির লোকদের বৃহৎ এ দলে এনেছেন, অনুপ্রবেশে সহায়তা করেছেন, তাঁদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে। শুধু ঢাকায় নয়, সারা দেশের দুর্নীতিবাজদের বিরুদ্ধে শেখ হাসিনা যে অভিযান শুরু করেছেন,

এরপর ৪৪ পৃষ্ঠায়

# বেনজির-আজিজদের এই সরকারের বড় প্রয়োজন

সুব্রত বিশ্বাস

“এখানেই প্রশ্ন আসে তাহলে স্বরাষ্ট্রমন্ত্রী কিংবা সরকারের কাছে বেনজির কতটা গুরুত্বপূর্ন, অথবা আমরা ধরে নিতে পারি স্বরাষ্ট্রমন্ত্রী এবং সরকার সবাই মিলেই তাকে সিঙ্গাপুরে যেতে সাহায্য করেছেন? আসলে দেশ যখন অগণতান্ত্রিক পথে চলে ক্ষমতাসীনরা তখন অনৈতিক অবৈধ পথ অবলম্বন করে। শেখ হাসিনা বারবার পুলিশ, র‌্যাব, আমলাদের নিয়ে রিগিং করে, দিনের ভোট রাতে কওে ক্ষমতায় আছেন। তাই ক্ষমতায় টিকে থাকতে বেনজির, আজিজ, আনোয়ার আজিমদের মতো ধূর্ত, ধুরন্ধর লুটেরা বদমায়েশদের শেখ হাসিনার বড় প্রয়োজন। সেকারণে সরকার ও সরকার প্রধান এইসব খুনী, ধূর্ত লুটেরাদের পৃষ্ঠপোষকতা করে চলেছেন”



ক্ষমতার অপব্যবহার করে অবৈধ পথে অঢেল সম্পদ অর্জনের দায়ে সাবেক পুলিশ প্রধান ও র‌্যাব প্রধান বেনজির আহমদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার কৃতিত্ব দাবি করছে আওয়ামী লীগ সরকার। কিন্তু প্রশ্ন হলো বেনজিরের দায়টা কার? অবশ্যই তার দায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিতে হবে, তারপর সে দায় আওয়ামী লীগের। শেখ হাসিনা ক্ষমতায় টিকে থাকার প্রয়োজনে সমগ্র দেশে বেনজীর ও আজিজদের মতো কতকগুলো দস্যুর জন্ম দিয়েছেন এবং এখনও দিয়ে চলেছেন। সরকার ক্ষমতা আঁকড়ে থাকার অবৈধ উদ্দেশ্য পূরণে তাদের ব্যবহার করছে এবং করে আসছে। আর বেনজির-আজিজরা সরকারের সাথে অনৈতিক সম্পর্কের সুযোগে দুর্নীতিতে ফুলেফেঁপে উঠেছেন। ইতিমধ্যে দেশে অসংখ্য বেনজির, আজিজ, বসুন্ধরা গ্রুপ, এস আলম গ্রুপ, সলমান এফ রহমান গ্রুপের মতো ডাকাত দল গড়ে উঠেছে। সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান ও সংস্থার সাথে রয়েছে তাদের অবৈধ সম্পর্ক। এই সম্পর্কের কারণে তাদের অপকর্ম, অপকীর্তি প্রকাশ্যে আসে না। যেসব আসে সেগুলো সরকার ধামাচাপা দিতে উদ্যোগী হয়ে ওঠে। তারপরও বিভিন্ন গ্রুপের মধ্যে অভ্যন্তরীণ স্বার্থের দ্বন্দ্বে সরকার ও উভয়ের পাপের ইতিহাস বেরিয়ে পড়ে। বেনজিরের ক্ষেত্রেও তাই ঘটেছে। বিভিন্ন মাধ্যমে দেখা গেছে এবং জানা গেছে বসুন্ধরা গ্রুপ ও বেনজিরের মধ্যকার অভ্যন্তরীণ দ্বন্দ্বে বিষয়টি সামনে আসতে পেরেছে। এতে সরকার চরম বিব্রতকর অবস্থায় পড়ে। তাই মিথ্যাচারিতা, লোকলজ্জা ও অপবাদ চাপা দিতে নির্লজ্জভাবে বেনজীরদেরকে বিদেশে পাঠিয়ে দিয়েছে। কিন্তু উভয়ের অনৈতিক সম্পর্কের যোগসূত্রের কারণে চরম দুর্নীতি থাকা সত্বেও সরকার তাদের বিরুদ্ধে কোনও আইনী পদক্ষেপ নিতে পারেনি। সম্ভবত, থলের বিড়াল বেরিয়ে পড়ার আশাঙ্কায় সাহস করেনি। এখন মুখ বাঁচাতে নানা অযৌক্তিক উল্টা-পাল্টা কথাবার্তা বলা হচ্ছে। নিজেদের অন্যায় অপবাদ, অপকীর্তি ঢাকতে দলের সেক্রেটারী সাংবাদিকদের ওপর দোষ চাপাচ্ছেন। বলছেন আমরা কেমন করে জানবো, সাংবাদিকরা কেন বিষয়টি তুলে ধরলেন না? দলের অন্যান্য নেতারা বলছেন, বাংলাদেশে কোনো সরকার উচ্চপদে আসীন ব্যক্তি কিংবা দলের এমপি-মন্ত্রীর বিরুদ্ধে ব্যবস্থা নেয়নি। একমাত্র আওয়ামী লীগ সরকার নিয়েছে।



এসব বলে সরকার বহির্বিশ্বকে দেখাতে চাইছে তাদের অবস্থান দুর্নীতির বিরুদ্ধে। ২০১৯ সালে ক্যাসিনো বিরোধী অভিযানের সময়ও সরকারের নেতা, মন্ত্রীরা এ ধরনের কথা বার্তা বলেছিলেন। কিন্তু পরে দেখা গেল, সেটা সত্যিকারের অভিযান ছিল না। ব্যতিক্রম দু'একজনকে বাদ দিলে কেউই শাস্তি পায়নি। সম্প্রতি বেনজিরের পাশাপাশি বড় মাপের আরও যাদের নাম নিয়ে দেশে তোলপাড় হচ্ছে, তাদের মধ্যে রয়েছে সেনাপ্রধান জেনারেল আজিজ আহমেদ, কলকাতায় খুন হওয়া সাংসদ আনোয়ারুল আজিম আনার ও বেসিক ব্যাংকের সাবেক চেয়ারম্যান আব্দুল হাই বাচ্চু।

মে মাসের প্রথম দিকে কালের কণ্ঠ পত্রিকায় বেনজিরের অনুসন্ধানী খবর প্রকাশ পায়। তারপর দীর্ঘ সময়ের মধ্যে দুদকের কোনও নড়াচড়া দেখা যায়নি। ব্যারিস্টার সুমন বিষয়টি নিয়ে দুদুকে গিয়ে প্রতিবাদী হওয়ার পর দুদুক নড়েচড়ে বসে। তারপর বিষয়সম্পত্তি ক্রোকের জন্য আদালতের নির্দেশ এসেছে। বেনজির যাতে বিদেশে পালিয়ে যেতে না পারেন সে দাবি ওঠে। কিন্তু দেখা গেল, আদালতের কোনপ্রকার রায় আসার আগেই ৪ মে বেনজির দেশ ছেড়েছেন বলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একটি সূত্র জানিয়ে দিয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রীকে বেনজিরের অবস্থান সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি জানেন না বলে জানিয়েছেন। এভাবে সরকার যখন দুর্নীতির বিরুদ্ধে মুখ রক্ষার শুদ্ধি অভিযানের কথা বলছে, তখন দেশের বাস্তব অবস্থা ভিন্ন। অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে পুলিশের সাবেক অতিরিক্ত পুলিশ সুপার উত্তম কুমার বিশ্বাসের বিদেশ ভ্রমণে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে। এর আগে প্রথম আলোতে খবর বেরিয়েছে, এন এস আই কর্মকর্তা আকরাম হোসেনের স্ত্রীর নামে শতকোটি টাকার লেনদেনের অভিযোগ পাওয়া গেছে। এছাড়া ৬ কোটি ৭০ লাখ টাকার আয়বহির্ভূত সম্পদ রয়েছে। পি কে হালদার দেশত্যাগের পর জানা যায় তার বিরুদ্ধেও দেশত্যাগের নিষেধাজ্ঞা ছিল। গুলশান থানার এস আই সোহেল রানার ওপরও গ্রেফতারি পরোয়ানা জারি হয় তার দেশত্যাগের পর। পুলিশের সাবেক প্রধান বেনজির আহমদের ক্ষেত্রেও একই ঘটনা ঘটেছে।

বেনজিরের সীমাহীন অঢেল সম্পত্তি ঢাকা, গোপালগঞ্জ ছাড়া বিদেশেও রয়েছে বলে জানা গেছে। অনেকে মন্তব্য করে বলেছেন, আপনাদের চেরাগ ছাড়া এমনটি করা সম্ভব নয়। শোনা যাচ্ছে দুবাইতে বিলাসবহুল বাড়ি রয়েছে। আজকে খবর বেরিয়েছে, চট্টগ্রামেও নাকি অঢেল সম্পত্তি রয়েছে। তবে জায়গাজমির বেশির ভাগ রয়েছে গোপালগঞ্জ ও মাদারীপুর এলাকায়। সেখানে ক্ষমতাহীন অসহায় হতভাগা সংখ্যালঘু সম্প্রদায়ের বাস। তাদের জায়গাজমি নিতে সুবিধা বেশি। শুধু জায়গাজমি কেন, পছন্দ হলে তাদের সুন্দরী বউ ও মেয়েকেও নিজের বউ করে নিয়ে আসা যায়। বেনজির জমি কেনার ক্ষেত্রে তাই সংখ্যালঘু অবস্থা কে সহজ মনে করেছেন। গোপালগঞ্জ সদর

এরপর ১৬ পৃষ্ঠায়





GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্‌থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA AND CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।
Shah Nawaz MBA
President & CEO, 646-591-8396
JACKSON HTS OFFICE
71-24 35th Ave
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852
Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
YONKERS OFFICE
558 E Kimball Ave
Yonkers, NY 10704
Ph: 718-650-6912
Fax: 917-396-4115
HILLSIDE AVE. OFFICE
170-18A Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-530-1820
Fax: 917-396-4115
JAMAICA AVE. OFFICE
180-15 Jamaica Ave
Jamaica, NY 11432
Ph: 718-481-8992
Fax: 917-396-4115
ASTORIA OFFICE
36-07 31 Street,
Astoria, NY 11106
Ph: 718-540-4130
Fax: 917-396-4115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

# বিরাট মূল্যহ্রাস

# BISMILLAH

## HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET

১০টি কালার রেড/ব্লাক চিকেন কিনলে ২টি কালার চিকেন ফ্রি অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি

৩টি রেড হার্ড চিকেন $17.99 ৬টি রেড/ব্লাক চিকেন কিনলে ১টি রেড হার্ড চিকেন ফ্রি

আরো রয়েছে কোয়েল, কবুতর, তিতি মুরগী, বালিহাঁস, রেগুলার হাঁস, চাকার পাখি, রাতা মোরগ, কোয়েল ডিম, হাঁসের ডিম, মুরগীর ডিম, অর্গানিক ডিম

স্পেশাল সেল

৩টি রেড হার্ড চিকেন $17.99

Approved by SBNY Shariah Board New York

HALAL MONITORING SERVICES HMS CERTIFIED HAND ZABIHA ™

শরীয়াহ বোর্ড কর্তৃক একমাত্র অনুমোদিত হালাল পোলট্রি মার্কেট



আমাদের রয়েছে শরীয়াবোর্ড অনুমোদিত প্রতিদিন জবেহকৃত গোট ও বিফ

এছাড়াও এখানে পাবেন সকল ধরণের বাংলাদেশ থেকে আমদানিকৃত মাছ

ইলিশ, রুই, কাতল, মৃঘেল, কোরাল, গলদা চিংড়ী, কই, বাইলা, মলা, কাচঁকিসহ বিভিন্ন ধরণের মাছ



প্রতিদিন স্পেশাল ঃ বিফ উইথ বোর্ন $3.99

অল হোয়াইট চিকেন $2.99

শুধুমাত্র সীমিত সময়ের জন্য

Scan Here to Shop & Get Free Delivery



ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

MasterCard VISA AMERICAN EXPRESS DISCOVER

Open 7 Days: 8:00am to 7:00pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)

718.205-7200 | 718.205.8262


NABANNO
RESTAURANT & PARTY CENTER
حلال
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
• আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
• পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com


NABANNO
Chinese Restaurant
حلال
HALAL
FREE WiFi
Deshi Style
Halal Chinese Food
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার
পরিবেশন এবং ক্যাটারিং করি।
Nabanno Chinese Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone: 718 734 6060
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com


NABANNO
RESTAURANT & PARTY CENTER
WELCOME TO
Party
সুসজ্জিত হলে বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন সহ
সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের
জন্য সবচেয়ে নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
Nabanno party Center
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000
FREE WiFi
حلال
HALAL

# বাংলা ট্রাভেলস ওমরাহ হজ্ব কাফেলা



## ওমরাহ প্যাকেজ

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত






পবিত্র মক্কায় তাওয়াফ করার পূর্ব মুহূর্তে



পবিত্র মক্কায় তাওয়াফরত অবস্থায়

## দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

### সামার সেল চলছে

বাংলাদেশ থেকে আসার টিকেট কম দামে আমাদের কাছেই পাবেন




DELTA AIR LINES, American Airlines, Biman Bangladesh Airlines, Kuwait Airways, Emirates, Etihad Airways, Qatar Airways

**প্যাকেজ বিবরণ**
- বিমান ভাড়া ও হোটেল।
- ভিসা, মোয়াল্লেম।
- জেদ্দা এয়ারপোর্ট থেকে পিকআপ এবং ড্রপ।
- মক্কা ও মদিনায় জিয়ারা।
- মক্কা ও মদিনায় যাতায়াত।
- ৫/৩ ষ্টার হোটেল।

★ আমরা ১০ মিনিটে সৌদি ভিসা প্রসেস করি
★ ১২ ঘন্টায় ওমরাহ ভিসা প্রসেস করি



Mohammad B Hossain (Belal)
President & CEO

আমাদের কাছে পাবেন গ্রুপ ওমরাহ প্যাকেজ, একক ওমরাহ প্যাকেজ ও কাষ্টম প্যাকেজ

### বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

**7305 37th Road, Jackson Heights, NY 11372**
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)

**Phone: 917-396-4140, 917-592-7828**

Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 10AM-10PM *Terms & Condition may apply. See store for details.

# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



Moin Choudhury, Esq

# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC

---



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

**বিনামূল্যে পরামর্শ**
**কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা**
**গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে**
**বিকলাঙ্গ শিশুর জন্য**
**ফেডারেল ডিজএবিলিটি**
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# SmartTech IT Solutions Inc.

**We built your dream job in (IT)**

স্বপ্নের আমেরিকায় আই টি (IT) তে ক্যারিয়ার গড়তে Smart Tech এর সাথে যুক্ত থাকুন

salesforce

Learn Salesforce Without Coding

BECOME salesforce CERTIFIED ADMINISTRATOR & GET JOB WORLDWIDE

- Configuration & Setup
- Sales & Marketing Applications
- Data & Analysis Management
- Workflow & Process Automation

SALESFORCE ADMINISTRATOR

**Earn Yearly : 80K - 120K**

## Learn QA Test Engineer

SDET
MANUAL &
AUTOMATION QA
JAVA
Selenium
SQL
API Testing...

আমাদের সেবা সমূহঃ

- সহজ ভাবে পড়ানো হয়
- রিজুমি প্রস্তুতি
- ইন্টারভিউ সাপোর্ট
- আফটার জব সাপোর্ট
- ইনপারসন এবং অনলাইন ক্লাস

**Ph: (917) 293-5724**
Email: smarttechemployee@gmail.com
www.smarttechitsolution.com
37-21 75 Street (3rd Floor) Jackson Heights, NY 11372



# হোমিও চিকিৎসা

জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

## হোমিও ভিটামিন সেলিং সেন্টার
## Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন

**347-596-3111, 347-485-8020**

জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইট্স, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



# আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

**Captor USA, Inc.**
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা



# ধূমপান ডেকে আনে যেসব বিপদ



ইমেরিটাস অধ্যাপক ডা. এবিএম আবদুল্লাহ

বিশ্বজুড়ে বহু মৃত্যু ও রোগের কারণ হলো তামাক, যা চাইলেই প্রতিরোধ করা সম্ভব। এটি মানুষকে বয়সের আগেই মৃত্যুর দিকে টেনে নেয়। দুইভাবে মানুষ তামাক ব্যবহার করে। একটি হচ্ছে ধোঁয়াহীন তামাক যা জর্দা, গুল, সাদাপাতা, নাকে নস্য ইত্যাদি।

আরেকটি ধোঁয়াযুক্ত তামাক যা সিগারেট, বিড়ি, চুরোট হিসাবে ব্যবহৃত হয়। ইদানীং আবার ই-সিগারেট ব্যবহৃত হচ্ছে। সবই শরীরের জন্য মারাত্মক ক্ষতিকর। ধূমপান শুধু ধূমপায়ীকে মৃত্যুর দিকে নিয়ে যাচ্ছে তা নয়, বরং পাশে থাকা অধূমপায়ীকেও সমানভাবে রোগাক্রান্ত ও মৃত্যুর দিকে ধাবিত করছে। ধূমপান বা তামাক ব্যবহারে যে ধরনের স্বাস্থ্য সমস্যা হয় সেগুলো হলো-



ক্যানসার : ধূমপানে হাজার হাজার ক্ষতিকর রাসায়নিক পদার্থ থাকে, যার মধ্যে ৭০টি রাসায়নিক পদার্থ সরাসরি ক্যানসার সৃষ্টি করে। ধূমপানের কারণে ফুসফুস, মুখ, গলা, খাদ্যনালি, অগ্ন্যাশয়, পাকস্থলী, যকৃত, বৃহদান্ত্র, মলাশয়, স্তন, মূত্রাশয়, কিডনি ও জরায়ুর ক্যানসার হতে পারে।

